

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.১০০০.০০০.১৪.০৬০.১৫(১) ৭২৩

ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ ০৭ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ বগুড়া জেলা পরিষদের স্মারক নং- জেপব/১৭৩/স্কীম/২০১৪-২০১৫/৩৭৩, তারিখঃ ১২/০১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ১,৪৯,৭৫,০০০ (এক কোটি উনপঞ্চাশ লক্ষ পচাত্তর হাজার) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ৮৯ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশমক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহ :

- (১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (২) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যায়ন গ্রহণ করতে হবে;
- (৩) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বগুড়া

Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।